



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: [buniversity.pro@gmail.com](mailto:buniversity.pro@gmail.com), Web: [www.bu.ac.bd](http://www.bu.ac.bd)



## প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য  
দেয়া বিশেষ পরিবহন সেবা শেষ হচ্ছে আজ

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৭ই জুলাই ২০২১।

কঠোর লকডাউনে বরিশাল বিশ্ববিদ্যালয়ে আটকে পড়া শিক্ষার্থীদের নিজস্ব পরিবহন ব্যবস্থাপনায় বাড়ি ফেরায় প্রক্রিয়া শেষ হচ্ছে আজ। গত বৃহস্পতিবার থেকে শুরু হওয়া বিশেষ এই পরিবহন সুবিধার আওতায় বাড়ি ফিরেছে ববির ৯৫৭ জন শিক্ষার্থী। বিশেষ পরিবহন সেবার জন্য নিবন্ধন করেছিল ১৪৬৪ জন। প্রথম দিন ২৪৩ জন শিক্ষার্থীকে ৫টি বাসে ১০ জেলায় পৌঁছে দেয়া হয়। পরদিন শুক্রবার ৫৪৩ জন শিক্ষার্থীকে ১২ টি বাসে করে আরও ১০ জেলায় পৌঁছে দেয়া হয়। সর্বশেষ অদ্য ১৭ জুলাই সকাল ৯ ঘটিকায় ঢাকা ও ময়মনসিংহের উদ্দেশ্যে ১৭১ জন শিক্ষার্থীকে নিয়ে যাত্রা শুরু করে বিশ্ববিদ্যালয়ের চারটি বাস। আর এর মধ্য দিয়ে শেষ হচ্ছে ববির শিক্ষার্থীদের বাড়ি পৌঁছে দেয়ার বিশেষ পরিবহন সুবিধা। ববি শিক্ষার্থীদের বাড়ি পৌঁছে দেয়ার যাবতীয় প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন পরিবহন পুলের ম্যানেজার সহকারী অধ্যাপক মোঃ মেহেদী হাসান, পরিবহনপুলের সংশ্লিষ্ট ড্রাইভার, হেলপার, প্রক্টর ড. সুব্রত কুমার দাস, সহকারী প্রক্টরবৃন্দ সহ সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। একই সাথে তিনি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রতিও কৃতজ্ঞতা জানিয়ে বলেন, শিক্ষার্থীদের সার্বিক সহযোগিতায় এবং আন্তরিকতার কারণেই তাদের সুষ্ঠুভাবে নিজ নিজ গন্তব্যে পৌঁছানো সম্ভব হয়েছে। উপাচার্য মহোদয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক, কর্মকর্তা ও কর্মচারীসহ সবাইকে যথাযথ স্বাথ্যবিধি মেনে পবিত্র ঈদ-উল-আযহা উদযাপনের আহ্বান জানান।

বার্তা প্রেরক

মোঃ ফয়সল মাহমুদ

উপ-পরিচালক (চ.দা)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়